স্টেকহোলডারদের নীতিমালার সারসংক্ষেপ ৫

সহব্যবস্থাপনার অর্থ সংস্থান - উৎস ও দক্ষ অনুশীলন

পটভূমিঃ

স্টেকহোলডারদের নীতিমালার এই সারসংক্ষেপটিতে তিনটি প্রকল্প এলাকায়[১] মাচ্ এর সাথে জড়িত সুবিধাভোগী প্রতিনিধিদের সহ-ব্যবস্থাপনার অর্থ সংস্থান - উৎস ও দক্ষ অনুশীলন সম্পর্কে বিভিন্ন নীতি নির্ধারনী চিন্তাভাবনার প্রতিফলন ঘটেছে। মাচ্ প্রকল্প এবং আমেরিকান সাহায্য সংস্থার আর একটি পরিবেশ প্রকল্প নি:সর্গ সাপোর্ট প্রকল্প যৌথভাবে মে ২০০৬ সালে শ্রীমঙ্গলে একটি সহব্যবস্থাপনা সপ্তাহের আয়োজন করে যেখানে কর্মশালার মাধ্যমে সহব্যবস্থাপনার বিভিন্ন দিকের উপর জড়িত ব্যক্তিদের মতামত সংগ্রহ করা হয়। জড়িতব্যক্তিদের এই নীতিগত সারসংক্ষেপটিতে এবং সহব্যবস্থাপনার প্রক্রিয়া, সমস্যা এবং ফলাফল সংক্রান্ত বিষয়বস্তুর উপর এই সিরিজের আরও ৫টি সারসংক্ষেপে শুধুমাত্র মাচ্ প্রকল্পের কর্মশালায় অংশগ্রহনকারীদের মতামতের সারসংক্ষেপ লিপিবদ্ধ করা হলো। কর্মশালায় অংশগ্রহণকারীদের মধ্যে রয়েছে উপজেলা সরকারী কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, আরএমও[২], এবং এফআরইউজি[৩] প্রতিনিধিরা। জড়িত ব্যক্তিদের মতামতের সংক্ষিপ্তরূপ এই সারসংক্ষেপে উপস্থাপন করা হয়েছে এই উদ্দেশ্যে যে ভবিষ্যতে এটি অনুশীলন করা, পরিকল্পনা করা এবং সিদ্ধান্তগ্রহণ করার ক্ষেত্রে বিশেষ করে নীতিনির্ধারণী, কর্মসূচী এবং প্রকল্প পর্যায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এটি তাদেরই অভিজ্ঞতার উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে যারা সত্যিকারভাবে সমাজভিত্তিক সহব্যবস্থাপনার মধ্যে বসবাস করছে, তা বাস্তবায়ন করছে এবং নতুন স্থানীয় প্রতিষ্ঠান তৈরি করার ক্ষেত্রে নির্দেশক হিসাবে কাজ করবে বিশেষ করে প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনার উদ্দেশ্যে সৃষ্ট প্রতিষ্ঠানগুলোতে।

সহব্যবস্থাপনায় অর্থ সংস্থান - উৎস ও দক্ষ অনুশীলন

প্রধান প্রতিপাদ্য বিষয়

তহবিলের সম্ভাব্য উৎসসমূহ এবং এর যথাযথ ব্যবহার

- সমাজভিত্তিক সহব্যবস্থাপনার সাথে জড়িত সরকারি ও অন্যান্য প্রকল্পসমূহতে মাচের আয়বিধায়ক তহবিল[৪] গঠনের পদ্ধতির প্রসার ঘটাতে হবে।
- সমাজভিত্তিক সংগঠন বা আরএমও-গুলি সংগঠনের পরিচালনা সংক্রান্ত খরচসমূহ বহনের জন্য সদস্যপদের ফি থেকে কিছু অংশ ব্যবহার করতে পারে।
- আরএমও-গুলি সমাজকল্যাণ অধিদপ্তর, অন্য কোনো সংস্থা বা প্রভাবশালী ব্যক্তির নিকট থেকে অর্থ সহযোগিতার জন্য খোঁজ করতে পারে।
- যে পর্যন্ত না সরকার সহব্যবস্থাপনার কর্মসূচীর জন্য তহবিল অনুমোদন দান করে, সে পর্যন্ত সংগঠনগুলি দাতা সংস্থা বা এনজিও-এর নিকট থেকে সহযোগিতার খোঁজ করতে পারে।
- সংগঠনের ব্যবস্থাপনার আওতাধীন মাছ ও বৃক্ষ বিক্রি এবং টোল আদায়ের অর্থ থেকে প্রাপ্ত অর্থ সম্পদ ব্যবস্থাপনার কাজে ব্যবহার করা যায়।
- কেন্দ্রীয় সরকার বার্ষিক যে তহবিল প্রদান করতে পারবে তার ভিত্তিতে উপজেলা প্রশাসনকে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা তৈরীতে জড়িত হতে হবে। আরএমও-গুলিকে বার্ষিক পরিকল্পনার অন্তর্ভূক্ত জলাশয়ের সংরক্ষণ সংক্রান্ত ইস্যুগুলি নিশ্চিত করতে হবে।
- প্রাপ্ত তহবিলের উপর সংগঠনকে বিভিন্ন ব্যয় শিরোনাম অনুযায়ী রেজিষ্টারে বন্টন করে রের্কড করতে হবে।
- উপজেলা পর্যায়ে সংশি ষ্টসরকারী বিভাগ, নির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং আরএমও-এর প্রেসিডেন্ট প্রত্যেকে প্রত্যেকের সাথে সমন্বয় সাধন করতে হবে এবং যে কোনো চলাকালীন কার্যের তদারকির জন্য তারা দায়ী থাকবেন।

---

১. শ্রীমঙ্গলে হাইল হাওড়, তুরাগ বংশী নদী ও কালিয়াকৈর জলাভূমি এলাকা, শেরপুরে কংশ-মালিঝি অববাহিকা।
২. রিসোর্স ম্যানেজমেন্ট ওর্গানাইজেশন বা সম্পদ ব্যবস্থাপনাকারী সংগঠন।
৩. ফেডারেশন অব রিসোর্স ইউজারস গ্রুপ বা সম্পদ ব্যবহারকারী সংস্থার ফেডারেশন।
৪. বাংলাদেশ সরকারের অনুমতিক্রমে প্রকল্প পরবর্তীকালে ব্যবহারের জন্য মাচ্ একটি আয়বিধায়ক তহবিলের ব্যবস্থা করেছে। যার দ্বারা আরএমও এবং এলজিসি গন জলাভ'মির সম্পদ উন্নয়নের কাজ করতে পারবে। তহবিলটির তত্ত্বাবধানে দায়িত্বে থাকবে স্থানীয় সরকার কমিটি।

মাছ্-এর এককালীন তহবিল সংক্রান্ত দক্ষ অনুশীলনের বিষয়সমূহ

মাচ্ একটি আয়বিধায়ক তহবিল প্রতিষ্ঠা করেছে যা এর কার্যরত প্রতিটি উপজেলা পর্যায়ে পরিমিত তহবিল সরবরাহ করবে এবং স্থানীয় সরকার কমিটি (এলজিসি)[৫] কর্তৃক আরএমও-এর জলাশয়গুলির সংরক্ষণ ও সম্পদসমূহের পুর্বাবস্থায় প্রত্যাবর্তনের কাজে ব্যবহৃত হচ্ছে। এই পদ্ধতিতে মূল পুজিঁ কখনোই ধরা হবে না কিন্তু প্রাপ্ত সুদ দিয়ে কার্যক্রম চালানোর জন্য যেমন সভা, সচেতনতা এবং জলাশয়ের পূর্বাবস্থায় প্রত্যাবর্তনের কাজে ব্যবহৃত হতে পারে। কর্মশালায় অংশগ্রহণকারীরা আয়বিধায়ক তহবিলের দক্ষ পরিচালনার ব্যাপারে কিছু বিষয়ের ওপর সুপারিশ করেছে।

এককালীন তহবিলের ব্যবস্থাপনা

- এলজিসি কর্তৃক আরএমও-এর নিদিষ্ট ব্যাঙ্কের একাউন্টে যথাসময়ে তহবিল প্রদান করা প্রয়োজনীয়।
- বিলম্ব এড়ানোর জন্য আরএমও-গুলিকে তহবিলের প্রস্তাব এলজিসিতে পেশ করার পূর্বে স্কীম বা কার্যপরিকল্পনার প্রকৃত প্রাক্কলন তৈরী করতে হবে।
- চলমান প্রকল্পের তদারকি ও পরিবীক্ষণের জন্য এলজিসি-গুলিকে একটি উপ-কমিটি গঠন করতে হবে।
- এলজিসি আয়বিধায়ক তহবিলটির (এসটিডি-১) একটি অংশ সরাসরি ব্যবহার করবে। সিনিয়র উপজেলা ফিশারিজ অফিসার এলসিজি এর সভায় নিয়মিতভাবে ব্যয় এবং কার্যক্রমের অগ্রগতির বিবরণী উপস্থাপন করবে।
- আরএমও-এর হিসাবরক্ষক (এসটিডি-২) নিয়মিতভাবে সংগঠনের আয় ও ব্যয়ের একটি হিসাব রক্ষা করবে এবং সংগঠনের মাসিক সভায় প্রতিবেদনটি উপস্থাপন করবে।

এলজিসি কর্তৃক যথাযথ স্কীম/কার্যপরিকল্পনা নির্বাচন এবং এর যথাযথ বাস্তবায়ন

- আরএমও-দের দ্বারা পেশকৃত প্রস্তাবনার পর্যালোচনা করার জন্য এলজিসি কর্তৃক একজন সংশি ষ্টসরকারী কর্মকর্তা ও একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও আরএমও প্রেসিডেন্টকে নিয়ে গঠিত একটি উপ-কমিটি গঠন করতে হবে।
- এলজিসি-এর সভায় পর্যালোচনাকারী কমিটি প্রস্তাবনাটির গুরুত্ব ও সময়ের প্রেক্ষিতে সুপারিশসহ অনুমোদনের জন্য পেশ করবে। প্রয়োজনবোধে এলজিসি-এর সদস্যগণ কর্তৃক স্কীম/কার্যপরিকল্পনার অনুমোদনের কাজটি ত্বরান্বিত করার জন্য একটি বিশেষ সভা আহ্বান করতে হবে।
- স্কীমের যথাযথ বাস্তবায়নের জন্য এলজিসিকে একটি উপ-কমিটি গঠন করতে হবে এবং তাদের সামর্থ সৃষ্টির জন্য আরএমও প্রতিনিধিদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- স্কীম বাস্তবায়ন কমিটি তাদের অগ্রগতির প্রতিবেদন এলজিসি-এর সদস্য সচিবের নিকট নিয়মিতভাবে পেশ করবে।

তহবিল ব্যবহারে স্বচ্ছতা

- আরএমও-দের ভাউচার ও লেজারসমূহকে অর্থনৈতিক হিসাব রক্ষণের জন্য ব্যবহার করতে হবে।
- আরএমও নেত্রীবৃন্দগন নতুন তহবিল লাভ ও এর ব্যবহার সম্পর্কে সংগঠনের সাধারণ সদস্যদের ও কমিউনিটিকে অবহিত করবে।
- আরএমও-এর সাধারণ সভায় এককালীন তহবিলের ব্যবহারের উপর হালনাগাদ প্রতিবেদন উপস্থাপন করতে হবে এবং একটি মুক্ত আলোচনার আয়োজন করতে হবে।
- এলজিসি কর্তৃক গঠিত প্রকল্প বাস্তবায়ন উপ-কমিটি আয়বিধায়ক তহবিলের অধীন কার্যক্রমের (এসটিডি-১ এবং ২)পরিবীক্ষণ ও তদারকি করবে এবং এলজিসি-এর সভায় কাজের অগ্রগতির এবং তহবিলের ব্যবহার সম্পর্কে প্রতিবেদন উপস্থাপন করবে।
- আরএমও-গুলিকে ইউনিয়ন পরিষদের মাসিক সভায় নিয়মিতভাবে তাদের কাজের প্রতিবেদন উপস্থাপন করতে হবে।
- আরএমও-গুলি বিবরণসহ কাজের সংশি ষ্ট ব্যয় কার্য এলাকার প্রবেশমুখে সাইনবোর্ডে লিখে দিতে হবে।
- এলজিসি সভায় আরএমও-দের তাদের কাজের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করতে হবে।
- সংগঠনকে বিভিন্ন গ্রাম্য সভার মাধ্যমে সমাজের লোকদের এই স্কীম সম্পর্কে জানাতে হবে।
- আয়বিধায়ক তহবিলের অধীন এসটিডি-১ এবং ২ নিয়মিতভাবে আভ্যন্তরিন ও বহি: অডিট সম্পন্ন করতে হবে।

---

৫. মাচ্ আনুষ্ঠানিকভাবে আরএমও ও এফআরইউজি-গুলিকে এলজিসি (স্থানীয় সরকার কমিটি) গুলির মাধ্যমে স্থানীয় সরকার এর সাথে সংযোগ সাধনের জন্য কাজ করছে। এর সদস্যদের মধ্যে একটি উপজেলার আরএমও ও এফআরইউজি-গুলির নেতাবৃন্দ, ইউনিয়ন পরিষদের সংশি ষ্ট চেয়ারম্যানগণ এবং উপজেলা পর্যায়ের সংশি ষ্ট সরকারী কর্মকর্তাবৃন্দ যার মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা মৎস্য কর্মকর্তা রয়েছে।

USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে
WINROCK INTERNATIONAL
BCAS
CNRS
CARITAS BANGLADESH

অতিরিক্ত তথ্যের জন্য যোগাযোগ করুন
মাচ্ হেডকোয়ার্টার
বাড়ি নং: ২, রোড নং: ২৩/এ
গুলশান ১, ঢাকা ১২১২, বাংলাদেশ
ফোন: ৮৮১৪৫৯৮, ৯৮৮৭৯৪৩
ফ্যাক্স: (৮৮০-২) ৮৮২৬৫৫৬
URL: www.machban.org

DESIGN: www.intentdesign.net